

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৩৫টি প্রতিষ্ঠানকে ১.৫৪ লক্ষ টাকা জরিমানা

১৯ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, শরীয়তপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, রাজশাহী, ব্রাহ্মণবাড়ীয়া ও বাগেরহাটে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর রমনা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে হাউস ফার্মা ও হারবাল মেডিসিনকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ইত্যাদি মেডিসিন সেন্টারকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে থ্রি স্টার রেস্টুরেন্টকে ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ মোট ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর শান্তিনগর এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে The Curry House কে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়। এছাড়া ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রের শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে KKK & BBQ Grill হাউসকে ২,০০০/- (দুই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ৫০০/- (পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর রাজপাড়া থানায় ৫টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, ব্রাহ্মণবাড়ীয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে ব্রাহ্মণবাড়ীয়ার নবীনগর উপজেলায় ৮টি প্রতিষ্ঠানকে ৫৫,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে শরীয়তপুরের নড়িয়া উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের ফরিদগঞ্জ উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকা, লক্ষ্মীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ সোয়াইব মিয়ান নেতৃত্বে লক্ষ্মীপুরের রায়পুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,৫০০/- (এগার হাজার পাঁচশত) টাকা এবং বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে বাগেরহাটের মংলা উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকাসহ মোট ১,১৮,০০০/- (এক লক্ষ আট হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, মিথ্যা বিজ্ঞাপন দ্বারা ক্রেতা সাধারণকে প্রতারণা করা, ওজনে কারচুপি, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৯টি বাজার তদারকিতে ৩৫টি প্রতিষ্ঠানকে মোট ১,৫৪,০০০/- (এক লক্ষ চুয়ান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীদেরকে মং ৩,৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটোরী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি ও ক্যাং এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাংক/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, শরীয়তপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, রাজশাহী, ব্রাহ্মণবাড়ীয়া ও বাগেরহাট।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, শরীয়তপুর, চাঁদপুর, লক্ষ্মীপুর, রাজশাহী, ব্রাহ্মণবাড়ীয়া ও বাগেরহাট।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।